

শ্রমিক নেতা জসিম উদ্দিন মন্ডলের মৃত্যুতে শিক্ষামন্ত্রীর শোক

ঢাকা, ০২ অক্টোবর

প্রখ্যাত শ্রমিক নেতা জসিম উদ্দিন মন্ডলের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ।

আজ এক শোকবার্তায় শিক্ষামন্ত্রী বলেন, মরহুম জসিম উদ্দিন মন্ডল একজন জনদরদী ব্যক্তি ছিলেন। তিনি ছিলেন গণমানুষের নেতা। রাজনৈতিক অঙ্গনে তাঁর অবদান স্মরণীয় হয়ে থাকবে।

শিক্ষামন্ত্রী মরহুমের রুহের মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জানান।

উল্লেখ্য, জসিম উদ্দিন মন্ডল আজ ভোরে ঢাকার একটি বেসরকারি হাসপাতালে মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি ওয়ারাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৯৫ বছর।

মোহাম্মদ আফরাজুর রহমান

সিনিয়র তথ্য অফিসার

শিক্ষা মন্ত্রণালয়

মোবাইল: ০১৯১১-০০৭৫৩৯